

স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমেস্টার

বাংলা বিভাগ

কোর্স : ইউ.জি মেজর ৪.৪

বিষয় : উনিশ শতকের বাংলা সাহিত্য, পর্ব - ২

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যেকোনো চারটি প্রশ্নের উত্তর লেখো। প্রশ্নগুলি সমমানের।

৪×৭.৫ = ৩০

১। ‘সীতার বনবাস’-এর পরিণতি বিদ্যাসাগর প্রচলিত বাল্মীকি-রামায়ণের প্রাসঙ্গিক অংশের থেকে বদলে দেন। এই বদলের গুরুত্ব আলোচনা করো।

অথবা

২। ‘কমলাকান্তের দপ্তর’-এর রচনায় কমলাকান্তের আফিং খাওয়াকে যেভাবে ব্যবহার করা হয় সে বিষয়ে তোমার ভাবনা জানাও।

৩। উনিশ শতকে নীতি-আখ্যানের জনপ্রিয়তার প্রেক্ষিতে প্যারীচাঁদ মিত্রের ব্যবহার করা জনপ্রিয় নীতি-আখ্যানের কাঠামো ‘আলালের ঘরের দুলাল’ নির্মাণের পক্ষে কতটা সফল হয়েছে অথবা ব্যর্থ হয়েছে পাঠ্যগ্রন্থ অবলম্বনে আলোচনা করো।

অথবা

৪। উনিশ শতকের প্রাচ্য ও পাশ্চাত্য শিক্ষাপ্রণালীকে সমালোচনার দৃষ্টিতে দেখেছেন প্যারীচাঁদ মিত্র। তাঁর সেই সমালোচনার বয়ান মতিলাল-রামলাল এবং প্রমদার ‘শিক্ষা’ সংক্রান্ত বক্তব্য নির্মাণে কেমন ভাবে প্রকাশ পেয়েছে, আলোচ্য গ্রন্থ অনুসারে লেখো।

৫। তুমি কি মনে কর, নানা ভ্রুটি থাকা সত্ত্বেও বঙ্কিমচন্দ্রের ‘রাজসিংহ’ ঐতিহাসিক উপন্যাস হিসাবে সার্থক হয়েছে? যুক্তিসহ আলোচনা করো।

অথবা

৬। রবীন্দ্রনাথ জেবউন্নিসাকে উপন্যাস অংশের নায়িকা বলে অভিহিত করেছেন — তুমি কি এই অভিমতটিকে গ্রহণযোগ্য বলে মনে কর? যুক্তিসহ লেখো।

৭। কঙ্কাবতীকে ‘মনের মত’ গড়ে তোলার প্রসঙ্গটি খেতুর কাছে কেন গুরুত্বপূর্ণ ছিল? ‘মনের মত’ গড়ে তোলার পরেও প্রথম পর্বে দুজনের বিয়ে হয়নি। একে কি খেতুর পরাজয় বলবে?

অথবা

৮। ইতিহাস ও কল্পইতিহাস মিলিয়ে ‘মহারাজ জীবন প্রভাত’ আসলে এক ইচ্ছেপূরণের আখ্যান। এই মন্তব্যটিকে তুমি কীভাবে পড়বে জানাও।